দৈনিক খবর
তারিখ 07 JAN 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

# জাসদ শিক্ষাঙ্গনে দল ও নেতা-নেত্রীর দালাল চায় না : ইনু

সংগঠনের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গতকাল ছাত্রলীগ (বা-কা) আয়োজিত আলোচনা সভা ও পুনর্মিলনী অনুষ্ঠানে জাসদ সাধারণ সম্পাদক হাসানুল হক ইনু বলেছেন, জাসদ শিক্ষাঙ্গনে রাজনৈতিক নেতা-নেত্রী ও দলের দালাল চায় না। গতকাল বুধবার সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন চত্বরে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ও রাকসু জিএস রুহুল কুদ্দুস বাবু।

অনুষ্ঠানে জনাব ইনু আরো বলেন, আমরা শিক্ষাঙ্গনে নেতা-নেত্রীদের জিন্দাবাদ বাহিনী ও লাঠিয়াল বাহিনী চাই না। আমরা চাই শিক্ষাঙ্গনগুলো হোক সকল অন্যায়-অবিচারের বিরুদ্ধে ন্যায় ও সত্যের সংগ্রামের ঘাঁটি। আমরা চাই

২ এর পাতায় দেখুন

## জাসদ শিক্ষাঙ্গনে

প্রথম পৃষ্ঠার পর

স্বৈরাচারী রাষ্ট্রীয় প্রশাসনিক ব্যবস্থা ও কালো আইনের দুর্গে ছাত্র সমাজ সংগ্রামের কামান দাগুক। তিনি বলেন, ছাত্রলীগ কখন কোন নেতা-নেত্রীদের কাছে মস্তক বন্ধক দেয়নি। তিনি ছাত্রলীগ নেতা-কর্মীদের উদ্দেশে বলেন, আপনারা যদি ছাত্রলীগের সংগ্রামী ভাবমূর্তি, ছাত্র সমাজের সংগ্রামী ঐতিহ্য অম্লান রাখতে চান তাহলে কোন নেতা-নেত্রীর মুখের দিকে তাকিয়ে না থেকে সম্পূর্ণ স্বাধীন ও স্বকীয় ধারায় ছাত্র আন্দোলন পরিচালনা করুন। তিনি বলেন, বাঙালী '৭১-এ মহান স্বাধীনতা যুদ্ধে, '৭৫-এর সিপাহী-জনতা অভ্যুত্থানে এবং '৯০-এর বিজয়ী গণঅভ্যুত্থানের মধ্যদিয়ে তিনটি বড় বিজয় অর্জন করেছে, কিন্তু বিজয় ধরে রাখতে পারেনি। তিনি বলেন, বিজয়গুলোকে পুরনো, রাষ্ট্র প্রশাসন ব্যবস্থা ও কালো আইনের শৃংখলে বন্দী করা হয়েছে। তিনি জনগণকে বিজয়ের স্বাদ পৌঁছে দেয়ার জন্য নতুন তত্ত্ব, নতুন কর্মসূচী তৈরী করার সৃজনশীল দায়িত্ব পালন করার জন্য অগ্রবর্তী ভূমিকা পালন করার জন্য ছাত্র সমাজকে আহবান জানান।

সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জাসদ সভাপতিমণ্ডলীর সদস্য কাজী আরেফ আহমেদ, যুগ্ম-সাধারণ সম্পাদক শরীফ নুরুল আম্বিয়া, সাবেক ছাত্রলীগ সভাপতি ইঞ্জিনিয়ার মুনির উদ্দিন আহমেদ, সাবেক ছাত্রলীগ সভাপতি, শ্রমিক নেত্রী শিরিন আক্তার, সাবেক ছাত্রলীগ সভাপতি ডাকসু জিএস ডাঃ মুস্তাক হোসেন, সাবেক ছাত্রলীগ সভাপতি নাজমুল হক প্রধান, সাবেক ছাত্রলীগ সভাপতি মোবলেছুর রহমান মুক্তাদির, সাবেক ছাত্রলীগ সাধারণ সম্পাদক সাইদুর রহিম বিটুল, ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের সাধারণ সম্পাদক আব্দুল্লাহিল কাইয়ুম, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ রোকনুজ্জামান। আলোচনা সভা শেষে রবীন্দ্র-নজরুল সংগীত পরিবেশিত হয়। কয়েক হাজার ছাত্র-ছাত্রী সমগ্র অনুষ্ঠানে শ্রোতা হিসেবে উপস্থিত ছিলেন। - প্রেস বিজ্ঞপ্তি।